

তুই ফেলে এসেছিস কারে, মন, মন রে আমার ।
 তাই জনম গেল, শান্তি পেলি না রে মন, মন রে আমার ॥
 যে পথ দিয়ে চলে এলি সে পথ এখন ভুলে গেলি—
 কেমন করে ফিরবি তাহার দ্বারে মন, মন রে আমার ॥
 নদীর জলে থাকি রে কান পেতে,
 কাঁপে যে প্রাণ পাতার মর্মরেতে ।
 মনে হয় যে পাব খুঁজি ফুলের ভাষা যদি বুঝি,
 যে পথ গেছে সন্ধ্যাতারার পারে মন, মন রে আমার ॥

Parjaay: Prem, Taal: Dadra, Style: Bhairavi-Baul
 Visit www.geetabitan.com for notation and other detail